দৈনিক ইত্তেফাক

তারিখ JUL 22 [illegible]
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

## বি সি এস সাধারণ শিক্ষা সমিতি

ক্যাডার বহির্ভূত শিক্ষকদের বিধি বহির্ভূতভাবে ক্যাডার পদে পদায়নের প্রতিবাদ করিয়া মন্ত্রণালয়ে স্মারকলিপি প্রদান করায় বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি প্রফেসর জাহানারা বেগম ও মহাসচিব প্রফেসর মোঃ কফিলউদ্দিনকে শিক্ষা সচিব কর্তৃক কারণ দর্শাও নোটিস-জারিতে ক্যাডার সদস্যগণের মধ্যে তীব্র ক্ষোভ ও প্রতিক্রিয়ার সৃষ্টি হয়। ঢাকা কলেজ, নায়েম, সোহরাওয়ার্দী কলেজ, কবি নজরুল কলেজ, বদরুন্নেসা কলেজ, বাংলা কলেজসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে তাৎক্ষণিকভাবে শিক্ষকদের প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তাগণ মন্ত্রণালয়ের একতরফা পক্ষপাতমূলক আচরণ ও নিবর্তনমূলক কর্মকাণ্ডে তীব্র ক্ষোভ প্রকাশ করেন। শিক্ষকদের একটি প্রতিনিধি দল গত ১৯শে জুলাই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নাইয়ার সুলতানার সাথে সাক্ষাৎ করিয়া তাহাদের ক্ষোভ প্রকাশ করেন।